

2014

BENGALI

( Major )

Paper : 3.1

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

- ১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০
- (ক) কৃত্তিবাস ওঝার জন্ম কোথায় হয়েছিল ?
- (খ) কাশীরাম দাসের পৈতৃক উপাধি কী ছিল ?
- (গ) বিজয় গুপ্ত কোন ধারার কবি ?
- (ঘ) নারায়ণদেবের আত্মপরিচয়ে তাঁর আদিনিবাস কোথায় ছিল বলে উল্লিখিত হয়েছে ?
- (ঙ) মুকুন্দ চক্রবর্তীর কাব্যটির নাম কী ?
- (চ) চট্টগ্রামে দ্বিজমাধবের 'চণ্ডীমঙ্গল' কী নামে পরিচিত ?
- (ছ) বৃন্দাবন দাসকে কৃষ্ণদাস কবিরাজ কী নামে সম্মানিত করেছিলেন ?

- (জ) কৃষ্ণদাস কবিরাজ গোস্বামীর জন্ম কোথায় হয়েছিল ?
- (ঝ) সপ্তদশ শতাব্দীর একজন প্রসিদ্ধ মুসলমান কবির নাম লেখো ।
- (ঞ) কবি রামপ্রসাদ সেন কোন শতাব্দীর কবি ছিলেন ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

- (ক) যে কোনো দুটি চৈতন্য-জীবনী-বিষয়ক গ্রন্থের নাম লেখো ।
- (খ) ‘চণ্ডীমঙ্গল’ কাব্যে কয়টি কাহিনি আছে? তাদের নাম কী?
- (গ) রোসাও রাজসভায় রচিত দুটি কাব্যগ্রন্থের নাম লেখো ।
- (ঘ) গোরক্ষনাথের গুরুর নাম কী? তাঁকে কে কদলী রাজ্য থেকে উদ্ধার করেছিলেন?
- (ঙ) চৈতন্যদেবের মাতা ও পিতার নাম লেখো ।

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) ‘চর্যাপদ’ গ্রন্থের আবিষ্কার, প্রকাশ ও নামকরণ সম্পর্কে একটি সংক্ষিপ্ত টীকা প্রস্তুত করো। প্রসঙ্গক্রমে ‘চর্যাপদ’-এর দুজন পদকর্তার নাম লেখো ।
- (খ) কবি বিদ্যাপতি ও তাঁর কবিকৃতি সম্পর্কে একটি নাতীর্ঘ টীকা প্রস্তুত করো ।
- (গ) ময়মনসিংহ গীতিকা-সম্পর্কে একটি সংক্ষিপ্ত টীকা লেখো ।

- (ঘ) টীকা লেখো : খেতুরী মহোৎসব ।
- (ঙ) কবিগান-সম্পর্কে একটি সংক্ষিপ্ত টীকা প্রস্তুত করো ।
- (চ) বৃন্দাবনের ষড়্ গোস্বামীর নাম উল্লেখ করে তাঁদের সম্পর্কে একটি সংক্ষিপ্ত টীকা রচনা করো ।

৪। যে কোনো চারটি প্রশ্নের বিস্তারিত উত্তর দাও : ১০×৪=৪০

- (ক) কবি মুকুন্দ চক্রবর্তীর কবি-পরিচয় ও কাব্যকৃতি সম্পর্কে বিস্তৃত আলোচনা করো ।
- (খ) মহাপ্রভু শ্রীচৈতন্যদেবের প্রভাবে ষোড়শ শতকের বাংলা সাহিত্যে কী কী পরিবর্তন সাধিত হয়েছিল এবং কী কী নতুনত্ব সংযোজিত হয়েছিল, বিস্তৃতভাবে ব্যাখ্যা করো ।
- (গ) কবি বৃন্দাবন দাসের রচিত ‘চৈতন্য-জীবনী’ গ্রন্থটির বিশেষত্বগুলি উল্লেখ করে বৃন্দাবন দাসের কাব্য-শিল্পের মূল্যায়ন করো ।
- (ঘ) বাংলা ভাষায় অনূদিত ‘মহাভারত’ কাব্যগ্রন্থের শ্রেষ্ঠ রচয়িতার পরিচয় সংক্ষেপে উল্লেখ করে তাঁর অনুবাদ-কর্মের কাব্যমূল্য নির্ধারণ করো ।
- (ঙ) ‘শাক্ত পদাবলি’র ধারায় রামপ্রসাদ সেন “অধ্যাত্ম সাধনা, বাস্তবতা ও কাব্যরসের ত্রিবেণী রচনা করে ভক্তির গীত-সাহিত্যকে নতুন সার্থকতার পথে প্রেরণ করেছেন” । আলোচনা করো ।

- (চ) রোসাঙ রাজসভার দুজন কবি “যথার্থই বাঙালীর কবি, শুধু মুসলমান সমাজের কবি নন”। উক্তিটির আলোকে এই দুজন কবির মধ্যে যে কোনো একজন কবি, তাঁর কাব্য এবং কবি-প্রতিভার বৈশিষ্ট্য-সম্পর্কে বিস্তারিত আলোচনা করো।
- (ছ) কবি বিজয় গুপ্তের পরিচয় ও তাঁর কাব্য-সম্পর্কে সবিস্তারে আলোচনা করো।
- (জ) “‘চৈতন্য-জীবনী’ রচনায় বৃন্দাবন দাস যেখানে অতি সংক্ষিপ্ত আলোচনা করে গ্রন্থ সমাপ্ত করেছেন, কৃষ্ণদাস কবিরাজের তত্ত্ব, তথ্য ও দর্শন-সম্মিলিত ‘চৈতন্য-জীবনী’ গ্রন্থের শুরু সেখান থেকেই।” বক্তব্য বিষয়টি অবলম্বন করে কৃষ্ণদাস কবিরাজের গ্রন্থটি নিয়ে আলোচনা করো।

\*\*\*